



সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৭.০৮৮.১৮. ২১৯

তারিখ : ২১ সেপ্টেম্বর, ২০২০ খ্রি.

প্রেস রিলিজ


ঢাকা, ২১ সেপ্টেম্বর, ২০২০ খ্রি.

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত “Cyber Security : Protecting Kids Online” শীর্ষক কর্মশালা ২১ সেপ্টেম্বর, ২০২০ খ্রি. তারিখ অনুষ্ঠিত হয়। এ প্রশিক্ষণ কর্মশালায় কমিউনিটি বেতার এবং বেসরকারি টেলিভিশনের গণমাধ্যম কর্মীসহ মোট ৩৫ (পয়ত্রিশ) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। কর্মশালায় Online Zoom -এ তথ্য প্রযুক্তির মাধ্যমে পাঠদান করা হয়।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) শাহিন ইসলাম, এনডিসি উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এ কর্মশালায় সম্পদব্যক্তি হিসেবে অংশ নেন জনাব এ এইচ এম বজলুর রহমান, সিইও, বাংলাদেশ এনজিওস নেটওয়ার্ক ফর রেডিও এন্ড কমিউনিকেশন (বিএনএনআরসি) এবং জনাব মো: নাজমুল হক, সাবেক অধ্যাপক, ইনস্টিটিউট অব এডুকেশন এন্ড রিসার্চ (আইইআর), ঢাকা বিশ্ববিদ্যালয়। কর্মশালাটি সঞ্চালনা করেন ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) জনাব মো: নাজমুল ইসলাম।

এ প্রশিক্ষণ কর্মশালায় শিশুদের সাইবার অপরাধ থেকে সুরক্ষাকল্পে সুশীল সমাজ, নীতি-নির্ধারক, প্রশাসক, অভিযাবক এবং গণমাধ্যম কর্মীদের ভূমিকা বিষয়ে আলোকপাত করা হয়।

এছাড়াও প্রশিক্ষণ কর্মশালায় তথ্য ও প্রযুক্তি সম্পর্কিত এবং কারিগরি কাজের তত্ত্বাবধান করেন প্রোগ্রামার জনাব মোহা: আব্দুস সালাম এবং রিপোর্টার হিসেবে দায়িত্ব পালন করে জনাব মো. ফাইম সিদ্দিকী, গবেষণা কর্মকর্তা (বেতার, টিভি, চল. ও গণ.)।


২১.৯.২০২০

আবদুল হান্নান
(গণসংযোগ কর্মকর্তা)
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ:

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশেটিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।